



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৩১.৯৯.০০১.৯৯.৮০

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৮

০২ আগস্ট ২০২১

বিষয়: শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণের নিজ নিজ কোভিড-১৯ করোনা ভ্যাকসিন গ্রহণ এবং
অন্যদের গ্রহণে উদ্বৃক্ষকরণ সংক্রান্ত।

সূত্র: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩৮১, তারিখ: ০১-০৮-২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার
রোধকল্পে সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণকে নিজ নিজ কোভিড-১৯
করোনা ভ্যাকসিন গ্রহণ এবং অন্যদের গ্রহণের জন্য উদ্বৃক্ষকরণে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক
সূত্রোক্ত পত্রের মাধ্যমে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

২-৮-২০২১

জাফর আহমদ জাহাঙ্গীর
যুগ্ম-সচিব (প্রশাসন)

বিতরণ :

- ১) মাননীয় উপাচার্য, পাবলিক বিশ্ববিদ্যালয় (সকল)।
- ২) মাননীয় উপাচার্য, বেসরকারি বিশ্ববিদ্যালয় (সকল)।
- ৩) রেজিস্ট্রার, পাবলিক বিশ্ববিদ্যালয় (সকল)।
- ৪) রেজিস্ট্রার, বেসরকারী বিশ্ববিদ্যালয় (সকল)।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৩১.৯৯.০০১.৯৯.৮০/১(১৭)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৮

০২ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালকবৃন্দ (সকল বিভাগ), ইউজিসি, ঢাকা।
- ২) উপ-পরিচালক/ সিস্টেম এনালিস্ট, ইনফরমেশন ম্যানেজমেন্ট শাখা, ইউজিসি, ঢাকা। (ওয়েবসাইটে
আপলোডের অনুরোধসহ)।
- ৩) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, ইউজিসি, ঢাকা।
- ৪) সিনিয়র সহকারি সচিব/সহকারি সচিব। সদস্য মহোদয়গণের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ৫) সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ইউজিসি, ঢাকা।

২-৮-২০২১

মোঃ আসাদুজ্জামান

সিনিয়র সহকারী সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

প্রশাসন ও সংস্থাপন শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.shed.gov.bd



১৫.০৪.২১
০১.০৪.২১
৫.৪.২১

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩৮১

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮

০১ আগস্ট ২০২১

বিষয়: শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণের নিজ নিজ কোভিড-১৯ করোনা ভ্যাকসিন গ্রহণ এবং অন্যদের গ্রহণে উদ্বৃক্তকরণ সংক্রান্ত।

করোনা ভাইরাস জনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণকে নিজ নিজ ভ্যাকসিন গ্রহণ এবং অন্যদের গ্রহণের জন্য উদ্বৃক্তকরণে নিম্নরূপ দায়িত্ব পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী এবং ১৮ বছরের উক্তের সকল শিক্ষার্থীগণকে স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী নিজ নিজ ভ্যাকসিন গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান উদ্বৃক্ত ও নিশ্চিত করবেন;
- (খ) এ বিভাগের আওতাধীন বিভাগ/ জেলা/ উপজেলা পর্যায়ের দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ দপ্তরের কর্মকর্তা/ কর্মচারীসহ আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণকে ভ্যাকসিন গ্রহণে উদ্বৃক্ত করবেন;
- (গ) সম্মানিত শিক্ষকগণ অনলাইন/ ভার্চুয়াল ক্লাসে শিক্ষার্থীদের এবং তাদের পরিবারের সদস্যদেরকে কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি অনুসরণসহ কোভিড-১৯ এর ভ্যাকসিন গ্রহণের বিষয়ে উদ্বৃক্ত করবেন;
- (ঘ) এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/ সংস্থার কর্মকর্তা/ কর্মচারীগণ এবং শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা/ কর্মচারীগণ ভ্যাকসিন গ্রহণের বিষয়ে জনগণকে উদ্বৃক্তকরণে স্থানীয় প্রশাসনকে সহযোগিতা প্রদান করবেন।

১-৮-২০২১

মোঃ নজরুল ইসলাম

উপসচিব

ফোন: ৯৫৪৯১৩০

ইমেইল:

sas_admin1@moedu.gov.bd

বিতরণ :

- ১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন, ঢাকা (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (তাঁর আওতাধীন সকল দপ্তর/ শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)
- ২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) জেলা প্রশাসক (সকল), জেলা প্রশাসকের কার্যালয় (সকল)
- ৭) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল)
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১-৮-২০২১

মোঃ নজরুল ইসলাম

উপসচিব